ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৮৭৫

মোহনপুর, ১৬ সেপ্টেম্বর, ২০২৫

# মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনায় ২৫ জন সুবিধাভোগীদের মধ্যে শূকর বিতরণ

মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনায় গতকাল লেফুঙ্গা ব্লক অফিস প্রাঙ্গণে ২৫ জন সুবিধাভোগীদের মধ্যে শূকর বিতরণ করা হয়। এই প্রকল্পে প্রত্যেক সুবিধাভোগীকে একটি করে শূকর দেওয়া হয়। তাতে মোট ব্যয় হয়েছে ১ লক্ষ ৫০ হাজার টাকা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন লেফুঙ্গা বিএসি'র চেয়ারম্যান রনবীর দেববর্মা, মোহনপুর প্রাণীসম্পদ বিকাশ কার্যালয়ের সহ-অধিকর্তা ডা. বিধানচন্দ্র দাস প্রমুখ।

*****